

ঘুমিয়ে পড়ার আগে

টেবিল টেনিসে আমি অবিকল পিংপং বল
 গোলগাল ... সারামুখে লাল - কালো রং
 শার্টের কলারে অঁটা চুয়িংগামের রসালো ছিবড়ে।
 এই দেখো ... দেখো আমি সার্কাসের ট্র্যাপিজের বারবার হাত ফসকানো জোক
 ার
 অথবা শেষরাতে কাঁটাতার টপকে গোলাপবাগানে যাওয়া ফুলচোর
 আলো ফুটতেই ধরা পড়ি। ফুল দেখে মুগ্ধ হয়ে যাই,
 আর তোমাকেও ভয় পাই;
 কুকুর হইতে সাবধান থাকি
 পৃথিবীর সব ভীতু আর বোকাদের মতো।
 আমিও বলতে পারি
 এ সব কিচ্ছু সত্যি নয়
 আসলে, প্রেমে পড়লে রানীর মতো লাগে।
 অথচ বোরোনি ... বোরোনা তুমি
 যে, আমি চিরকাল রাতকানা
 যে, আমি চিরকাল
 বাঁ-দিক থেকেই ওভারটেক করতে ভালোবাসি।

সঞ্চিতা চত্রবতী

